

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-১ অধিশাখা।

স্মারক নং-৪৬.০৮৩.২০৩.০০০.২৫.০০৩.১৬-১৯১০


তারিখঃ ০৯ বৈশাখ ১৪২৫  
২২ এপ্রিল ২০১৮

প্রজ্ঞাপন

জনাব মোঃ শহীদুল ইসলাম, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভাংগা, নগরকান্দা ও সালথা উপজেলা, (HQ) নগরকান্দা, ফরিদপুর-কে ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১)বি(২) বিধি মোতাবেক পবিত্র আজমীর শরিফ জিয়ারতের উদ্দেশ্যে স্ত্রী ও মেয়েসহ ভারত গমন ও অবস্থানের জন্য ২১/০৪/২০১৮ তারিখ হতে ০৫/০৫/২০১৮ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫(পনের) দিন নিম্নবর্ণিত শর্তে বহিঃ বাংলাদেশ ছুটি (অর্জিত ছুটি) মঞ্জুর করা হলঃ

শর্তাবলীঃ

- (ক) এ ভ্রমণের যাবতীয় ব্যয় তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন। এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- (খ) তিনি মঞ্জুরীকৃত ছুটির অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।
- (গ) এই বহিঃ বাংলাদেশ ছুটি তাঁর অর্জিত ছুটি হতে কর্তন করা হবে।
- (ঘ) তিনি যে তারিখে ভ্রমণ করবেন সে তারিখ হতে ছুটি কার্যকর হবে (অন্য কোন আদেশ জারী না হলে এই ছুটি মঞ্জুরের তারিখ হতে ৩৫ দিনের মধ্যে ভ্রমণ করতে হবে)।
- (ঙ) তিনি বিদেশ অবস্থানকালীন সময়ের বেতন ভাতা বাবদ কোন বৈদেশিক মুদ্রা দাবী করতে পারবেন না।


  
মোঃ খাইরুল ইসলাম  
উপ-সচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬২

স্মারক নং-৪৬.০৮৩.২০৩.০০০.২৫.০০৩.১৬-১৯১০/১(১০)

তারিখঃ ০৯ বৈশাখ ১৪২৫  
২২ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ০১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা/পূর্ত/পানি সম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৪। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ০৫। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ০৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ।]
- ০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা, গেইট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।
- ০৯। জনাব মোঃ শহীদুল ইসলাম, সহকারী প্রকৌশলী, ডিপিএইচই, নগরকান্দা, ফরিদপুর।
- ১০। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ। [প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।]

  
মোঃ খাইরুল ইসলাম  
উপ-সচিব